

# ■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২৬৯০

পর্ব-১১: হজ (এআনা باتك)

পরিচ্ছেদঃ ১১. দ্বিতীয় অনুচ্ছেদ - ইহরাম অবস্থায় যা থেকে বেঁচে থাকতে হবে

### আরবী

وَعَنْ عَائِشَةَ رَضِيَ اللَّهُ عَنْهَا قَالَتْ: كَانَ الرُّكْبَانُ يَمُرُّونَ بِنَا وَنَحْنُ مَعَ رَسُولِ اللَّهِ صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مُحْرِمَاتٌ فَإِذَا جَاوَزُوا بِنَا سَدَلَتْ إِحْدَانَا جِلْبَابَهَا مِنْ رَأْسِهَا عَلَى وجهِها فإذا جاوزونا كشفناهُ. رَوَاهُ أَبُو دَاؤد وَلابْن مَاجَه مَعْنَاهُ

#### বাংলা

২৬৯০-[১৩] 'আয়িশাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমরা রাসুলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম-এর সাথে ইহরাম অবস্থায় ছিলাম, তখন আরোহী দল আমাদের কাছ দিয়ে অতিক্রম করতো। তারা আমাদের কাছাকাছি আসলে আমাদের সকলেই নিজ নিজ মাথার চাদর চেহারার উপর ঢেকে দিতাম। আর তারা চলে যেত আমরা তখন তা (খুলতাম) সরিয়ে নিতাম। (আবূ দাউদ, আর ইবনু মাজাহ এর মর্মার্থ)[1]

## ফুটনোট

[1] য'ঈফ: আবূ দাউদ ১৮৩৩, আহমাদ ২৪০২১, সুনানুল কুবরা লিল বায়হাকী ৯০৫১, ইবনু মাজাহ ২৯৩৫, সহীহ ইবনু খুযায়মাহ্ ২৬৯১। কারণ এর সনদে ইয়াযীদ ইবনু যিয়াদ একজন দুর্বল রাবী।

#### ব্যাখ্যা

ব্যাখ্যা: এ হাদীসটি থেকে বুঝা যায়, প্রয়োজন সাপেক্ষে মুহরিমাহ্ মহিলা তার চেহারার উপর পর্দা দিতে পারে যেমনটি 'আমল করেছেন উম্মুল মু'মিনীন 'আয়িশাহ্ (রাঃ) ও তার সাথের অন্যান্য মহিলা সাহাবী (রাঃ), অথচ তারা ছিলেন মুহরিমাহ্ ঠিক এ মুহূর্তে তারা পুরুষদের পাশ অতিক্রমকালে মুখে পর্দা ফেলেছিলেন যদিও মুহরিমাহ্ অবস্থায় মুখে পর্দা ফেলানো বা মুখ ঢেকে রাখা ঠিক নয়।

'আল্লামা খাত্ত্বাবী (রহঃ) বলেন, মুহরিমাহ্ মুখে নিক্কাব দিবে না- এ মর্মে রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে বর্ণনা রয়েছে কিন্তু মাথা থেকে কাপড় একটু ঝুলিয়ে দেবার ব্যাপারে একাধিক ফকীহ মতামত দিয়েছেন। তবে নিষেধ করেছেন ওড়না, কাপড়- এগুলো মুখে শক্ত করে বাঁধতে এবং বোরকা পরতে। প্রথম কথার কথক



হলেন 'আত্বা, মালিক, সুফিয়ান, সাওরী, আহমাদ বিন হাম্বল, ইসহাক, মুহাম্মাদ ইবনু হাসান, ইমাম শাফিস্ট এটাকে সহীহ বলেছেন এবং এ কথাই বলেছেন 'আল্লামা শাওকানী (রহঃ) এবং ইমাম শাফিস্ট (রহঃ)-এর ছাত্রবৃন্দ।

'আল্লামা ইবনু কুদামাহ্ (রহঃ) তাঁর মুগনী কিতাবে (৩য় খণ্ড ৩২৬ পৃষ্ঠায়) বলেন, পুরুষদের নিকট দিয়ে অতিক্রমকালে মুহরিমাহ্ যদি প্রয়োজনবোধ করেন তার মুখ ঢেকে রাখতে, তাহলে মাথার উপরের কাপড়টি তার মুখে ঝুলিয়ে দিতে পারেন।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন